জাতীয় যুবশক্তির ঝিনাইদহ জেলা শাখার কমিটি গঠন

জাতীয় যুবশক্তির ঝিনাইদহ জেলা শাখার নবগঠিত আংশিক কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে মোঃ শাহিনুর রহমানকে আহ্বায়ক এবং শাওন আহমেদ কে সদস্য সচিব করে ৯ সদস্য বিশিষ্ট কমিটির নাম ঘোষণা করেছে কেন্দ্রীয় যুবশক্তি। নবগঠিত কমিটিকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম সদস্য সচিব (দপ্তর) মোঃ হামিদ পারভেজ মিয়া।

জাতীয় যুবশক্তির কেন্দ্রীয় কমিটির অনুমোদনপত্র অনুযায়ী, ২৩ অক্টোবর ২০২৬ তারিখে ঝিনাইদহ জেলা শাখার আংশিক আহ্বায়ক কমিটি এক বছরের জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

জাতীয় যুবশক্তি ঝিনাইদহ জেলা শাখার আংশিক আহ্বায়ক কমিটির অন্য সদস্যরা হলেন- সিনিযর যুগ্ম আহ্বায়ক সাইফ সৌরভ, যুগ্ম আহ্বায়ক মেহেদি হাসান আশিক, সিনিয়র যুগ্ম সদস্য সচিব বৃষ্টি শেখ, যুগ্ম সদস্য সচিব হৃদয় আহমেদ, মুখ্য সংগঠক মোঃ হুমায়ুন কবির, সিনিয়র সংগঠক ইনারুল ইসলাম ও দপ্তর সম্পাদক সোহাগ হোসেন।

অনুমোদনপত্রে উল্লেখ করা হয়েছে, আংশিক আহ্বাযক কমিটির দায়িত্বশীলদের আগামী সাত কার্যদিবসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি করে জমা দিতে হবে।

এক অভিনন্দন বার্তায় এনসিপির যুগ্ম সদস্য সচিব মোঃ হামিদ পারভেজ মিয়া নবগঠিত কমিটির আহ্বায়ক, সদস্য সচিবসহ সব দায়িত্বশীলকে শুভেচ্ছা জানান। তিনি আশা প্রকাশ করেন, নতুন নেতৃত্বের মাধ্যমে জেলার যুবসমাজকে সংগঠিত করা, সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং জনকল্যাণমূলক কর্মকান্ডে তরুণদের সম্পৃক্ত করার উদ্যোগ আরও গতিশীল হবে। তিনি আরও বলেন, শিক্ষা, মানবিকতা, সামাজিক দায়বদ্ধতা ও বৈষম্যহীন সমাজ গঠনে তরুণদের সক্রিয় ভূমিকা গুরুত্বপূর্ণ। সংগঠনের দায়িত্বশীলদের মানুষের পাশে দাঁড়ানো এবং জনকল্যাণমূলক কর্মকান্ডে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান তিনি।

বিবৃতিতে তিনি নবগঠিত কমিটির সকল সদস্যের সফলতা কামনা করেন এবং সাংগঠনিক কার্যক্রমকে আরও সুসংগঠিত ও গতিশীল করার প্রত্যাশা ব্যক্ত করেন।

দামুড়হুদায় প্রযুক্তিনির্ভর যুবশক্তি গঠনে জনসচেতনতামূলক প্রশিক্ষণ

“প্রযুক্তি নির্ভর যুবশক্তি, বহুপাক্ষিক অংশীদারিত্বে অগ্রগতি” প্রতিপাদ্যে শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন ও সামাজিক সচেতনতায় যুবদের ভূমিকা শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১২টায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে উপজেলার বিভিন্ন এলাকার যুবক-যুবতীরা অংশগ্রহণ করেন।

চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক ফিরোজ আহমেদ-এর সভাপতিত্বে আয়োজিত এই প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা’র উপপরিচালক (বাস্তবায়ন) ফারিহা নিশাত। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক শাহজাহান আলী। এছাড়াও বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার এবং দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ।

প্রশিক্ষণে বক্তারা বলেন, বর্তমান সময়ে প্রযুক্তিনির্ভর দক্ষ যুবশক্তি গড়ে তুলতে হলে সামাজিক সচেতনতা, শান্তি ও শৃঙ্খলা রক্ষায় যুব সমাজকে আরও বেশি সম্পৃক্ত হতে হবে। যুবকরাই আগামীর নেতৃত্ব, তাই বহুপাক্ষিক অংশীদারিত্বের মাধ্যমে উন্নয়নের ধারাকে এগিয়ে নিতে তাদের সক্রিয় ভূমিকা অপরিহার্য।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা রেজাউল।